ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড পেলেন কুয়েটের ৩১ শিক্ষক

খুলনা প্রতিনিধি – খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ৩১ জন শিক্ষক ভাইস-চ্যান্সেলর এ্যাওয়ার্ড পেয়েছেন । ২০২৩ সালে হাই ইমপ্যাক্ট জার্নালে রিসার্চ পেপার প্রকাশের জন্য কুয়েটের সংশ্লিষ্ট অনুষদের এক্সপার্ট প্যানেল কর্তৃক যাচাই-বাছাই পূর্বক উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটির (সিএএসআর) সুপারিশক্রমে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ২৭ নভেম্বর বুধবার বিকালে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষকদের মাঝে এই অ্যাওয়ার্ড প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ মাছুদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন প্রফেসর ড. মুহাম্মদ হারুনুর রশীদ, ইইই অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ সাহিদুল ইসলাম, সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ আবুল কালাম আজাদ। সভাপতিত্ব করেন পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. মোহাঃ রফিকুল ইসলাম। অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষকরা হলেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান আলী, প্রফেসর ড. এইচএম ইকবাল মাহমুদ, প্রফেসর ড. মোঃ খালেকুজ্জামান, সহযোগী অধ্যাপক মোঃ হুমায়ুন কবীর, ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক সৌমিত্র কুমার সরকার, প্রভাষক অর্পিতা বক্সী, বিইসিএম বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ হাবিবুর রহমান সবুজ, গণিত বিভাগের প্রফেসর ড. মোঃ হাসানুজ্জামান, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. সুজিত কুমার শীল, রসায়ন বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. আবুল বাসার মোঃ মামুন জামাল, সহযোগী অধ্যাপক মোঃ মনিরুজ্জামান, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্টের সহযোগী অধ্যাপক মোঃ রিয়াদ হোসেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক আব্দুল আজিজ, সহকারী অধ্যাপক দোলা দাস, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোস্তফা জামান চৌধুরী, প্রফেসর ড. কল্যাণ কুমার হালদার, প্রফেসর ড. নরোত্তম কুমার রায়, সহকারী অধ্যাপক আবু সাঈদ মোঃ জান্নাতুল ইসলাম, ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন, প্রফেসর ড. মনির হোসেন, প্রফেসর ড. শেখ মোঃ রবিউল ইসলাম, ম্যাটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জহিরুল ইসলাম, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ হাসান আলী, লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ আবুল হাসেম, সহকারী অধ্যাপক সাদিয়া মিম,